১০

দৈনিক ইত্তেফাক

তারিখ ...23 DEC. 19[illegible]... ...
পৃষ্ঠা ৩ কলাম ৫ ......

# বেগমগঞ্জে জুলাই হইতে শিক্ষা কর্মসূচীর গম চাউল বিতরণ বন্ধ

চৌমুহনী সংবাদদাতা ।। নোয়াখালী জেলার বেগমগঞ্জ থানার ৭৪টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ে গত জুলাই মাস হইতে খাদ্যের বিনিময়ে শিক্ষা কর্মসূচীর চাউল ও গম বিতরণ বন্ধ রহিয়াছে। ইহাতে অনেক স্থানে ছাত্র-ছাত্রীর সংখ্যা কমিয়া আসিতেছে।

বেগমগঞ্জে ২৫৩টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে নদোনা, নাটেশ্বর, বজরা, একলাশপুর, দুর্গাপুর ও জিরতলী ইউপি'র ৭৪টি প্রাথমিক বিদ্যালয়ের ১৪ হাজার ১০২ জন ছাত্র-ছাত্রীকে প্রতিমাসে জনপ্রতি ১৫ কেজি গম ও ১২ কেজি চাউল প্রদান করা হইত।